

# সিঙ্গাপুরের ব্যাংকে কোকোর সাড়ে ১১ কোটি

## টাকা জন্ম



আরাফাত রহমান কোকোর

সিঙ্গাপুর ক্রেডিট ইন্ডাস্ট্রিয়াল ইটি কমার্শিয়াল ব্যাংকে সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার ছোট ছেলে আরাফাত রহমান কোকোর গচ্ছিত সাড়ে ১১ কোটি টাকারও বেশি অর্থ জন্ম করেছে সিঙ্গাপুর কর্তৃপক্ষ। এ ব্যাংকে কোকোর লেনদেনের বিশদ বিবরণসহ সিঙ্গাপুর কর্তৃপক্ষের কাছ থেকে বেশ কিছু তথ্য পেয়েছে দুদক। এ নিয়ে দুদক আইনি কার্যক্রম শুরু করতে অনুসন্ধান চালানোর সিদ্ধান্ত নিয়েছে। ইতিমধ্যে

অনুসন্ধান কর্মকর্তা নিয়োগ চূড়ান্ত করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার দুদক কার্যালয়ে আয়োজিত নিয়মিত প্রেস ব্রিফিংয়ে কমিশনের মহাপরিচালক কর্নেল হানিফ ইকবাল এসব তথ্য জানিয়ে বলেন, অবৈধভাবে ও দুর্নীতির মাধ্যমে উপার্জিত অর্থ ও সম্পদ সম্পর্কে আন্তর্জাতিক তথ্য বিনিময় এবং একই সংক্রান্ত অনুসন্ধান, তথ্য উদঘাটন, তদন্ত, চিহ্নিত সম্পদ ও অর্থের ব্যবহার রোধ, বাজেয়াপ্ত, সংশ্লিষ্ট ব্যক্তিদের চিহ্নিতকরণ এবং আইনি প্রক্রিয়ায় সোপর্দকরণ সংক্রান্ত জাতিসংঘের দুর্নীতি বিরোধী সনদের আওতায় বাংলাদেশ থেকে 'পারস্পরিক আইনগত সহযোগিতা সংক্রান্ত অনুরোধের' পরিপ্রেক্ষিতে সিঙ্গাপুর সরকারের এটর্নি জেনারেল কার্যালয়ের মাধ্যমে এ তথ্য পাওয়া যায়। ওই তথ্য অনুযায়ী জানা যায়, কোকো তার কতিপয় সহযোগী ও সিঙ্গাপুরের একজন

এজেন্টের মাধ্যমে ২০০৪ সালের ১০ এপ্রিল 'জাজ' নামের একটি কোম্পানি নিবন্ধন করেন। বাংলাদেশে ব্যবসায়িক স্বার্থ রয়েছে এমন চায়না হার্বার ইঞ্জিনিয়ারিং নামের একটি প্রতিষ্ঠান থেকে ২০০৫ সালের ৬ মে ৯ লাখ ২০ হাজার ৯৮৬ সিঙ্গাপুর ডলার এবং একই বছরের ৩১ মে ৮ লাখ ৩০ হাজার ৬৫৬ সিঙ্গাপুর ডলার 'জাজ' কোম্পানির একাউন্টে নেয়া হয়। একই বছরের ২৯ জুলাই 'জাজ' কোম্পানির ওই একাউন্ট থেকে কোকোর স্বাক্ষরিত চেকের মাধ্যমে আট লাখ ৩০ হাজার ৬৫৬ ডলার অন্যত্র স্থানান্তর করা হয়।

ওই বছরের ১ আগস্ট চায়না হার্বার ইঞ্জিনিয়ারিং কোম্পানি থেকে আট লাখ ২৯ হাজার ৭০৬ সিঙ্গাপুর ডলার এবং ওই বছরের ৬ অক্টোবর ৩ লাখ ৩ হাজার ২৫৪ সিঙ্গাপুর ডলার 'জাজ' কোম্পানির একাউন্টে জমা হয়। ২০০৭ সালের ২২ ফেব্রুয়ারি সিঙ্গাপুর ক্রেডিট ইন্ডাস্ট্রিয়াল ইটি কমার্শিয়াল ব্যাংকে সিঙ্গাপুরের এজেন্টের মাধ্যমে ২০ লাখ ১৩ হাজার ৪৬৭ সিঙ্গাপুর ডলার 'জাজ' কোম্পানির একাউন্টে স্থানান্তর করেন আরাফাত রহমান কোকো। কর্নেল হানিফ জানান, বাংলাদেশ সরকারের অনুরোধে কোকোর ওই ব্যাংক একাউন্টে ২০ লাখ ৬১ হাজার ৯৩ সিঙ্গাপুর ডলার এবং দুই লাখ ৬১ হাজার ৪৭৭ মার্কিন ডলার

সাময়িকভাবে জব্দ করা হয়েছে।